প্রথম অধ্যায়

# সাধারণ পরিচয়

## ভূমিকা

বর্তমান মুর্শিদাবাদ জেলার অবস্থান দ(িণবঙ্গ বা গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর-পশ্চিম প্রান্তে ২৩°৪৩´৩০´´ উত্তর অ(াংশ থেকে ২৪°৫০´২০´´ উত্তর ও ৮৭°৪৯´১৭´´ পূর্ব দ্রাঘিমাংশ থেকে ৮৮°৪৬´ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে। জেলার আয়তন ৫৩২৪ বর্গকিলোমিটার(সারণী-১.১ দ্রষ্টব্য)। ২০০১ সালের জনগণনা অনুসারে এ জেলার লোকসংখ্যা ৫৮,৬৪,২৯১ জন। জেলায় মহকুমার সংখ্যা ৫, উন্নয়ন ব্লক আছে ২৬টি, নগর সংখ্যা ২৬, পৌরসভা আছে ৭ টি।

## নামকরণ

জেলার নামকরণ হয়েছে মুর্শিদাবাদ শহরের নাম থেকে। ১৭০৪ সালে বাংলার দেওয়ান মুর্শিদকুলি খাঁ প্রাদেশিক রাজস্ব সংগ্রহের কেন্দ্র ঢাকা থেকে মুর্শিদাবাদ শহরে স্থানান্তরিত করেন। অবশ্য নগরের পত্তন তিনি করেন নি। মুর্শিদাবাদ নগরের পত্তন হয়েছিল দীর্ঘকাল আগেই। বিভিন্ন গ্রন্থে এই নগরের বিভিন্ন নাম দেখা যায়। একটি মত অনুসারে হুসেন শাহ্-র আমলে (১৪৯৩-১৫১৯) নানকপন্থী সন্ন্যাসী মুকসুদন দাস এই নগর প্রতিষ্ঠা করেন এবং তাঁর নামেই এই নগরের নাম মুকসুদাবাদ। এ শহরের উল্লেখ মেলে পঞ্চদশ ষোড়শ শতকে রচিত ভবিষ্য পুরাণের ব্রহ্মান্ড খন্ড অংশেও। সেখানে এই নগরের নাম মোরাসুদাবাদ, যা কোনও এক যবন কর্তৃক প্রতিষ্ঠিত। টিফেন থেলারের মতে, এই নগর আকবরের আমলে প্রতিষ্ঠিত এবং এর আদি নাম আকবরাবাদ । সেবাস্তিয়ান ম্যানরিক -এর বর্ণনায় গঙ্গাতীরবর্তী এই সমৃদ্ধ প্রাচুর্যময় নগরীর নাম মাসুমাবাজার। মাসুমা শব্দটির অর্থ পবিত্র নারী। এক ধনী ব্যক্তি(র স্ত্রীর নামে বাণিজ্যকেন্দ্রটির নাম। ট্যাভারনিয়ার ১৬৬৬ খ্রীষ্টাব্দে এই স্থান ভ্রমণ করেন এবং তাঁর বর্ণনায় এই নগরীর নাম মাদেসুবাজারকি। মাদেসুবাজারকি নামটি মাসুমাবাজার নামটির অপভ্রংশ-এ মতের সমর্থক আচার্য যদুনাথ সরকার। ১৬৫৯ সালে মীরজুমলা মাসুমাবাজারে শিবির স্থাপন করেন এবং শাহজাদা সুজাকে বালিঘাটার যুদ্ধে পরাস্ত করেন। এ বর্ণনা সমসাময়িক পার্সী ঐতিহাসিকের।

মুর্শিদকুলী খাঁ সারা প্রদেশের রাজস্ব কেন্দ্র এখানে স্থানান্তরিত করার আগে যে দুটি নাম বহুল প্রচারিত ছিল তা হল মুকসুদাবাদ (মকসুদাবাদ) এবং মখসুদাবাদ। শাসন কেন্দ্র এবং স্থানীয় রাজস্ব সংগ্রহের কেন্দ্ররূপে এ শহরের গু(ত্ব ছিল। সর্বোপরি এখানে ছিল একটি টাকশাল। ১৬৭৯ খ্রীষ্টাব্দে মুকসুদাবাদ টাকশালে মুদ্রাঙ্কিত একটি মুদ্রা লাহোর সংগ্রহশালায় র(িত আছে। রিয়াজ-উস-সালাতিন অনুযায়ী মকসুস খান নামে এক বণিক এখানে সরাই তৈরী করেন এবং এই বণিক ও আইন-ই-আকবরীতে উল্লেখিত মকসুস খান একই ব্যক্তি(। আকবরের কার্যকালে বাংলার সুবাদার সঈদ খানের ভাই ছিলেন মকসুস খান। পাটনা জেলার হাজিপুরে মকসুস খানের তৈরী পাথরের মসজিদ আছে। ১৭৮৬ খ্রীষ্টাব্দে লেখা সিয়ার-উল্-মুতা(রিণ -এর অনুবাদক রেমন্ড-এর মতে স্থানটির প্রাচীন নাম 'মুরসুদাবাদ', পরবর্তী নাম 'মকসুসাবাদ' এবং সর্বশেষ নাম 'মুরশিদাবাদ'। নগরের পূর্বভাগে, যেখানে মুর্শিদকুলি তাঁর প্রাসাদ নির্মাণ করেন, তা কোলারিয়া নামে পরিচিত ছিল। স্ট্রেনস্যাম মাষ্টার এবং উইলিয়াম হেজেস নামে দুজন ইংরেজ এজেন্টের কথায় মকসুসাবাদ বলচাঁদ বা বুলচাঁদ রায় নামে এক স্থানীয় শাসকের শাসনকেন্দ্র ছিল, যিনি নানাভাবে ইংরেজদের বাণিজ্য প্রচেষ্টায় বাধা দিয়েছিলেন। ১৬৮৩ সালে মকসুসাবাদেই বলচাঁদ রায়ের মৃত্যু হয়। তার আগে থেকেই এখানে টাকশাল আছে।

১৭০০ সালে ঔরঙ্গজেব মুর্শিদকুলি খাঁকে বাংলার দেওয়ান এবং মকসুসাবাদের ফৌজদার নিযুক্ত( করেন। পরে তিনি ঢাকা থেকে রাজস্ব আদায়ের কেন্দ্রও মকসুসাবাদে সরিয়ে নিয়ে আসেন। সম্রাট ঔরঙ্গজেব তাকে বাংলা, বিহার এবং উড়িষ্যার নায়েব নাজিম পদে নিযুক্ত( করেন। মুর্শিদকুলি নাজিম পদাভিষিক্ত( হওয়ার পর শহরের নামকরণ করেন মুর্শিদাবাদ এবং মুর্শিদাবাদ নগর হয়ে ওঠে বাংলা, বিহার এবং উড়িষ্যার রাজধানী। পুরনো নামটিও বহুদিন পর্যন্ত ব্যবহৃত হয়। ১৭৬০ সাল পর্যন্ত বিভিন্ন দলিল দস্তাবেজে মুখসুসাবাদ নামটি দেখা যায়। মুদ্রায় নামাঙ্কণের ভিত্তিতে নিশ্চিতভাবে নামকরণের সাল নির্দিষ্ট করা যায়। ১৭০৪ খ্রীষ্টাব্দেই 'মুখসুসাবাদ' টাকশালে শেষ মুদ্রাঙ্কন হয় এবং ঐ বছরের ডিসেম্বর মাসে 'মুর্শিদাবাদ' টাকশালে প্রথম মুদ্রাঙ্কন হয়।

## প্রশাসনিক একক রূপে জেলার বিবর্তন

আকবরের নির্দেশে তার রাজস্বমন্ত্রী টোডরমল ১৫৮২ খ্রীষ্টাব্দে যে রাজস্ব বিভাগীয় তালিকা (Rent Roll) তৈরী করেন

তাতে সুবা বাংলাকে ১৯টি সরকারে ভাগ করা হয়েছিল। সরকারগুলি আবার ৬৮২টি মহলে বিভক্ত( ছিল। আজকের মুর্শিদাবাদের ভৌগোলিক অঞ্চল তার মধ্যে ৫টি সরকারের অধীনে ছিল।

ক) সরকার তান্ডা বা ঔদুম্বর— উত্তর রাঢ় ও বাগড়ীর অধিকাংশ নিয়ে জেলার উত্তরাঞ্চল(

খ) সরকার মহম্মদাবাদ— জেলার পূর্বদিকে অর্থাৎ বাগড়ীর কিছু অংশ(

গ) সরকার শরিফাবাদ— ফতেসিং পরগণা (কান্দী অঞ্চল) মহলন্দী, নবগ্রাম, খড়গ্রাম ইত্যাদি, অর্থাৎ রাঢ় অঞ্চলের একটা বড় অংশ(

ঘ) সরকার বরবকাবাদ— বর্তমানের বেলডাঙ্গা, নওদা, হরিহরপাড়া, ডোমকল, রানীনগর ইত্যাদি অর্থাৎ বাগড়ীর একাংশ( এবং

ঙ) সরকার সাতগাঁও— কান্দী মহকুমার দ( ণাংশ।

ওয়ালস্-এর মতে টোডরমলের রেন্ট রোল ১৬৫৮ সালে বাতিল হয়। প্রকৃতপ( ১৭২২ সালে মুর্শিদকুলি খাঁ-র আর্থিক সংস্কার পর্যন্ত ঐ রেন্ট রোল কার্যকর ছিল। ১৬৫৮ সালে শাহ্ সুজার আমলে রাজস্ব তালিকা পরিমার্জিত হয়েছিল। নতুন এলাকাগুলির বন্দোবস্ত দেওয়া হয়েছিল এবং সরকার ও মহলের সংখ্যা বৃদ্ধি হয়েছিল। মুর্শিদকুলি খাঁর আর্থিক সংস্কারে বাংলা প্রদেশের ১৩টি চাকলার অন্যতম ছিল মুর্শিদাবাদ। মুর্শিদাবাদ চাকলার অন্তর্ভুক্ত( ছিল সম্পূর্ণ রাজশাহী, বগুড়া, পাবনা ও মুর্শিদাবাদ জেলা এবং নদীয়া, বীরভূম ও মালদহ জেলার অংশ বিশেষ। মুর্শিদকুলির পরে সুজাউদ্দৌল্লা কিছু প্রশাসনিক পরিবর্তন করেন। তিনি সুবা-বাংলাকে চারটি প্রদেশে ভাগ করেন। সেসময় পশ্চিম ও মধ্যবঙ্গ এবং উত্তরবঙ্গের একাংশ শাসিত হতে থাকে রাজধানী থেকে।

১৭৫৭ খ্রীষ্টাব্দের ২৩শে জুন পলাশীর যুদ্ধে ইংরেজদের জয় এবং সিরাজ-উদ্-দৌল্লার পরাজয় বাংলা তথা ভারতের ইতিহাসে এক যুগান্তকারী ঘটনা। নবাবদের হাতে আরও কিছুকাল শাসনভার থাকলেও পলাশীর যুদ্ধজয় বাংলার প্রকৃত ব্রিটিশ আধিপত্যের সূচনা করে। ১৭৬৫ সালে দেওয়ানী লাভের সঙ্গে সঙ্গে সারা বাংলার রাজস্ব ব্যবস্থা চলে যায় ইস্ট ইন্ডিয়া কোম্পানীর হাতে।

১৭৬৫ সালে দিল্লীর সম্রাট শাহ্ আলমের কাছ থেকে দেওয়ানীর ফরমান পাওয়ার পর রবার্ট ক্লাইভ মতিঝিল প্রাসাদে মহাসমারোহে পুণ্যাহ করলেন। তার অব্যবহিত পরে বাংলা প্রদেশকে মোট ১৯টি জেলায় ভাগ করা হয়। ১৭২২-৭৩ পর্যন্ত ঐ জেলাগুলির অস্তিত্ব ছিল। উল্লেখযোগ্য, ঐ জেলাগুলির মধ্যে মুর্শিদাবাদ নামে কোনও জেলা ছিল না। পরিবর্তে ছিল চুনাখালি জেলা (কালেক্টরশিপ)। চুনাখালি স্থানটি কাশিমবাজারের নিকটস্থ এবং তৎকালীন মুর্শিদাবাদ নগরের অন্তর্ভুক্ত(। বর্তমান বিহারের কহলগাঁও পর্যন্ত অঞ্চল এই চুনাখালি জেলার অন্তর্ভুক্ত( ছিল।

ইংরেজ আমলের প্রথম দিকে জেলা গঠন করার সময় রাজস্ব সংগ্রহকেই প্রাধান্য দেওয়া হয়েছিল। সেইজন্য পূর্বতন রাজস্ব বিভাগগুলিকে অনুসরণ করেই জেলাগুলি গঠন করা হয়। এই ধরনের বিভাগের ফলে অনেক ( ত্রে শাসনকার্যে অসুবিধা দেখা দেয়। সেইজন্য পরবর্তীকালে বারবার জেলার অঞ্চলগুলির পরিবর্তন সাধন করা হয়েছে।

দেওয়ানী লাভের অব্যবহিত পরেও জেলার রাজস্ব সংগ্রহের দায়িত্বভার মুসলমান কর্মচারীদের হাতে ন্যস্ত ছিল। নবাব দরবারের ইংরেজ রেসিডেন্ট সম্পূর্ণ আর্থিক ব্যবস্থা দেখাশোনা করেন। রাজস্ব আদায়ের তদারকিতে দরবারের রেসিডেন্ট নায়েব- দেওয়ান রেজা খাঁকে সাহায্য করতেন। সিলেক্ট কমিটি ১৭৬৯ -এর ১৬ই আগষ্ট সিদ্ধান্ত করল, প্রতিটি জেলাতে কোম্পানীর একজন উচ্চপদস্থ কর্মচারী সুপারভাইজার নিযুক্ত( হবেন। সিলে কমিটির তৎকালীন প্রেসিডেন্ট ভেরেল্‌স্ট সুনির্দিষ্টভাবে বললেন, সুপারভাইজারদের কাজ স্থানীয় তদন্ত করা ও রাজস্ব সংক্র(ান্ত বিশদ তথ্য সংগ্রহ করা। এরা কাজ করবেন দরবারের রেসিডেন্টের অধীনে। পরে, ১৭৭০ -এর অক্টোবর থেকে তাদের কাজ করতে বলা হল মুর্শিদাবাদ কাউন্সিল অব রেভিনিউ-এর তত্ত্বাবধানে।

১৭৭১ -এর ১লা এপ্রিল থেকে, পরিচালন সমিতি রাজস্ব সংগ্রহের কর্তৃত্ব নিজেদের হাতে তুলে নিল, কন্ট্রোলিং কাউন্সিল অব্ রেভিনিউ প্রতিষ্ঠা করল এবং মহম্মদ রেজা খাঁ-কে নায়েব দেওয়ানের পদ থেকে অপসারিত করল। সুপারভাইজার হিসাবে কোম্পানীর যে কর্মচারীরা কাজ করছিলেন, তাদের কালেক্টর পদ দেওয়া হল এবং রাজস্ব সংগ্রহের কাজে কালেক্টরদের সাহায্য করার জন্য দেওয়ান নামে এক শ্রেণীর দেশীয় কর্মচারী নিযুক্ত( করা হল।

১৭৭২ -এর ১৩ই অ োবর থেকে ১৭৭৩ -এর ২৩শে নভেম্বর পর্যন্ত রাজস্ব কর্তৃত্ব ছিল রেভিনিউ বোর্ডের হাতে। এই সময়ের বিভিন্ন পত্রালাপে চুনাখালি জেলার উল্লেখ দেখা যায়। চুনাখালি জেলার কালেক্টরের সঙ্গে কমিটি অব রেভিনিউ-এর পত্রালাপের নমুনাও আছে।

১৭৭২ থেকে ১৭৭৪ -এর মধ্যে দরবারের রেসিডেন্ট সরাসরি মুর্শিদাবাদ থেকে কয়েকটি জেলার রাজস্ব প্রশাসন পরিচালনা করতেন। চুনাখালি, লস্করপুর, (কুন্‌পুর, রাজমহল, পূর্ণিয়া, দিনাজপুর জাহাঙ্গীরপুর—এইসব জেলার কালেক্টরেরা রেসিডেন্টের মাধ্যমে রেভিনিউ বোর্ডের সঙ্গে পত্রালাপ করতেন। রেসিডেন্টের এই ভূমিকা ও পদ এখনকার বিভাগীয় কমিশনার পদের সঙ্গে তুলনীয়।

১৭৮১ সালে প্রভিন্সিয়াল কোর্ট অব্ ডিরেক্টর্স -এর নির্দেশে তাদের সর্বশেষ সভায় রেভিনিউ বোর্ড জেলাগুলি থেকে ইউরোপীয় কালেক্টরদের ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেয় এবং তার পরিবর্তে আমিল বা দেওয়ান নামের দেশীয় কর্মচারী নিয়োগ করে। একই সঙ্গে সমগ্র প্রদেশকে পাঁচটি মহাবিভাগ (Grand Division) -এ ভাগ করা হয়। প্রতিটি মহাবিভাগ -এর রাজস্ব সংক্রান্ত বিষয় তত্ত্বাবধানের জন্য তৈরী হয় পাঁচটি প্রভিন্সিয়াল কাউন্সিল অব্ রেভিনিউ। আমিল বা দেওয়ানরা কাজ করত এই কাউন্সিলের নিয়ন্ত্রণে। পাঁচটি মহাবিভাগের অন্যতম ছিল মুর্শিদাবাদ বিভাগ এবং তার অন্তর্ভুক্ত জেলাগুলির মধ্যে চুনাখালি ছিল একটি। অন্য জেলাগুলি ছিল রাজশাহী, রাজশাহী পশ্চিম, লস্করপুর, (কুনপুর, জাহাঙ্গীরপুর ও খাসতালুক (ভাগলপুর, রাজমহল ইত্যাদি)। এ পর্বের একমাত্র প্রশাসনিক এলাকার পরিবর্তন হয় ১৭৮০ সালের ১৯শে ডিসেম্বর। ঐ তারিখে এক বিজ্ঞপ্তিতে সুলতানাবাদ ও আমীর পরগণা দু'টি মুর্শিদাবাদ থেকে ভাগলপুরের সাথে যুক্ত হয়।

১৭৮১ সালের প্রভিন্সিয়াল কাউন্সিলের জায়গায় এল কমিটি অব্ রেভিনিউ। কমিটি ১৮ই এপ্রিল, ১৭৮৬ তারিখের সভায় সিদ্ধান্ত অনুসারে কলকাতা ও মুর্শিদাবাদ কাউন্সিল ভেঙে ১১টি জেলা (Collectorship) তৈরী ক'রল। এই জেলাগুলির অন্যতম মুর্শিদাবাদ। গভর্নর জেনারেল এই প্রস্তাব অনুমোদন করেন ২৫শে এপ্রিল, ১৭৮৬। অর্থাৎ ঐ দিন থেকেই মুর্শিদাবাদ জেলা মানচিত্রে স্থান পেল।

## অধিক্ষেত্রগত পরিবর্তন

কমিটি অব্ রেভিনিউ -এর পরিবর্তে বোর্ড অব্ রেভিনিউ কাজ শুরু করল ১৭৮৬ সালে। বোর্ডের প্রেসিডেন্ট জন শোরের প্রস্তাবমত ১৭৮৭ সালের ২৯শে মার্চ ক্যালকাটা গেজেটে বিজ্ঞপ্তি জারি করে ফতেসিং পরগণাকে মুর্শিদাবাদের সঙ্গে সংযুক্ত করা হয়। বীরভূম ও বিষ্ণুপুরের জমিদারি সে সময় মুর্শিদাবাদের অন্তর্ভুক্ত ছিল। ঐ একই তারিখে (২৯-০৩-১৭৮৭) বীরভূম -কে যুক্ত করা হ'ল বিষ্ণুপুরের সঙ্গে।

১৭৯৩ সালের ১১ই জানুয়ারী গভর্ণর জেনারেল -এর আদেশে —

১। পদ্মার পশ্চিমে 'নিজ রাজশাহী'র যে এলাকা ছিল তার একাংশ মুর্শিদাবাদের অন্তর্ভুক্ত হল। বাকী মহলগুলি যুক্ত হ'ল নদীয়ার সঙ্গে।

২। পদ্মার পূর্বতীরের তাহেরপুর, লস্করপুর এবং অন্যান্য মহল রাজশাহীর সঙ্গে যুক্ত হ'ল।

এমনভাবে মহলগুলির পুনর্বিন্যাস করা হ'ল যাতে জেলার সীমানা পদ্মা বা গঙ্গার উভয়তীরে না থাকে। ২৭শে সেপ্টেম্বর, ১৭৯৩ মুর্শিদাবাদের ২৫০টি গ্রাম প্রশাসনিক কারণে যুক্ত করা হ'ল বীরভূমের সঙ্গে। চিরস্থায়ী বন্দোবস্তের সময় জেলার বর্তমান ভৌগোলিক পরিধির উত্তর- পশ্চিমাংশের কিছু এলাকা মুর্শিদাবাদের অন্তর্ভুক্ত ছিল না। অন্যদিকে সে সময় বীরভূম জেলার সমগ্র রামপুরহাট মহকুমা এবং সদর মহকুমার একটি অংশ মুর্শিদাবাদ জেলার মধ্যে ছিল। সমকালীন বিভিন্ন রিপোর্টে দেখা যায় জেলাগুলির মধ্যে সীমানা নির্দেশ নিয়ে সংশয় ছিল। জমির মালিকানা, রাজস্ব আদায়, ফৌজদারী ব্যবস্থা গ্রহণ -এসব বিষয় নিয়ে সমস্যা দেখা দিত। তা সত্ত্বেও চিরস্থায়ী বন্দোবস্তের পর ১৭৯৪-৯৭-এ সময়ে কয়েকটি ছোটখাটো রদবদল ছাড়া কোন পরিবর্তন ঘটেনি।

১৮০৬ সালে মুর্শিদাবাদ জেলাকে বিলোপ করার কথা ভাবা হয়েছিল। এমনকি জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা জজের পদ অবলুপ্তও করে দেওয়া হয়েছিল। শেষপর্যন্ত অবশ্য কালেক্টরশিপ বিলোপ করে বীরভূমের সঙ্গে যুক্ত করা হয়নি। কিন্তু ভাগীরথীর পশ্চিমের বিস্তীর্ণ এলাকা— সাকুলিপুর (নানুর), পাঁচথুপি (বড়ঞা), দুনগ্রাম(দুনিগ্রাম), পলসা, নলহাটি এবং খড়গ্রাম, এই থানাগুলিকে বীরভূমের সঙ্গে যুক্ত করে দেওয়া হ'ল। (রেগুলেশন- ১, ১৮০৬)

১৮০৯ সালে বীরভূমের কালেক্টর -এর পদ অবলুপ্ত হল। বীরভূম যুক্ত হ'ল মুর্শিদাবাদের সঙ্গে এবং একজন অ্যাসিস্ট্যান্ট কালেক্টর (সিউড়ি) ঐ অংশের দায়িত্বে থাকলেন। ঐ বছরেই আর্থিক সাশ্রয়ের জন্য মুর্শিদাবাদের বেশীর ভাগ অংশ চলে গেল বীরভূমের জজের হাতে। ১৮২০ সালে আবার বীরভূম আলাদা কালেক্টর হিসাবে স্বীকৃত হ'ল।

১৮২৪ সালের ১৭ই মার্চ লন্ডন চুক্তির বলে ডাচদের কাছ থেকে কাশিমবাজার সন্নিহিত কালিকাপুর গ্রাম মুর্শিদাবাদের সঙ্গে যুক্ত হ'ল।

১৮৩৪ -এ পলসা থানা এল মুর্শিদাবাদে, কিন্তু ভরতপুর থানা যুক্ত হ'ল বীরভূমে। ১৮৩৯-এ পলসা থানা আবার যুক্ত হ'ল বীরভূমের সঙ্গে। ১৮৫৪-এ ভরতপুর থানা মুর্শিদাবাদে ফিরে এল। জলঙ্গী ও নওদা থানা যুক্ত হ'ল নদীয়ার সাথে। তৈরী হ'ল করিমপুর মহকুমা।

৮-৩-১৮৫৪ - এ কালিকাপুর থানা ভাগলপুর থেকে মুর্শিদাবাদে এল। ঐ তারিখে ফরাক্কাবাদ থানা ভাগলপুর থেকে মুর্শিদাবাদে এল।

১৮৫২-৫৫-এ কর্ণেল গ্যাস্ট্রেলের পরিচালনায় জেলায় জরিপ হয় যা রেভিনিউ সার্ভে নামে পরিচিত। সে সময় জেলায় ছিল ঊনিশটি থানা- সামশেরগঞ্জ, সুতি, পলসা, মীর্জাপুর, খামরা, (এখন রঘুনাথগঞ্জ), দেওয়ান সরাই (এখন লালগোলা), রাণীতালাস, গোয়াস (বর্তমান রাণীনগর), জলঙ্গী, নওদা, বড়ঞা, হরিপাড়া (বর্তমান হরিহরপাড়া), দৌলতবাজার (দৌলতাবাদ), উত্তর শহর থানা (বর্তমান কান্দী), দক্ষিণ শহর থানা (বর্তমান বেলডাঙ্গা),

চায়েন ডাঙ্গা (অমৃতকুন্ডের কাছে), কল্যাণগঞ্জ (বর্তমান নবগ্রাম), বদ্রীহাট (বর্তমান সাগরদীঘি), গোকর্ণ, খড়গ্রাম ও ভরতপুর।

প্রশাসনিক এলাকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে রাজস্ব সংগ্রহের এককগুলি ত্র(মশ অসংবদ্ধ ও বি( প্ত হয়ে পড়ে। গ্যাস্ট্রেলের প্রতিবেদন অনুসারে প্রথমে বিভাগগুলি ছিল সুসংবদ্ধ। জমি হাতবদলের সঙ্গে সঙ্গে দেখা দিল নানা অসংগতি। একটি পরগণা বা জেলার বাসিন্দা যদি অন্য কোন পরগণা বা জেলার জমির মালিক হয়, তার মূল জমি যে পরগণার সেখানে রাজস্ব তালিকায় নতুন জমিটি অন্তর্ভূত্ত( হয়ে যায়। এভাবে একটি জেলার জমি ঢুকে পড়ে অন্য জেলার রাজস্ব তালিকায়। মুর্শিদাবাদের রাজস্ব তালিকায় দেখা যায় ঢুকে পড়েছে ঢাকা ও চব্বিশ-পরগণার জমি।

১৮৫৫-৫৬, রেভিনিউ সার্ভের পরে দশ হাজারী পরগণা মুর্শিদাবাদ থেকে সাঁওতাল পরগণার সঙ্গে যুত্ত( হয়।

১৮৬৩, নদীয়া থেকে বিধুপাড়া, লোকনাথপুর, একডালা, নাজিরপুর, আন্দুল বেড়িয়া, ডাকাতিয়াপোতা, বালি প্রভৃতি ৩৪টি গ্রাম মুর্শিদাবাদে স্থানান্তরিত করা হয়।

১১-২-১৮৭৫ - গঙ্গার দ( ণতীরে মালদহ জেলার যে গ্রামগুলি ছিল তা মুর্শিদাবাদে এল। গঙ্গা, পদ্মা ও জলঙ্গী হল জেলার যথাত্র(মে উত্তর-পূর্ব, পূর্ব ও দ( ণ-পূর্ব সীমানা। পশ্চিমে বীরভূম থেকে স্বরূপ সিং, শেরপুর ও (কুনপুর পরগণার ৩৯টি এবং সাঁওতাল পরগণা জেলার কাকজোল পরগণা থেকে ৭টি গ্রাম মুর্শিদাবাদে যুত্ত( হ'ল। ঐ বিজ্ঞপ্তিতেই মুর্শিদাবাদ জেলার প্রতিটি থানার অধীনস্থ অঞ্চলগুলিকে সুনির্দিষ্টভাবে চিহ্নি(ত করা হয়।

৩০-১০-১৮৭৬ -এ মুর্শিদাবাদের ১৭০টি গ্রাম যুত্ত( হ'ল বীরভূমের সঙ্গে।

১৮৭৯ -এ বড়এ(া থানা বীরভূম থেকে মুর্শিদাবাদে এল। রামপুরহাট ও নলহাটি চলে গেল বীরভূমে। ঐ বছরে সামশেরগঞ্জ, সুতি, রঘুনাথগঞ্জ, লালগোলা, ভগবানগোলা, সাগরদীঘি, মুর্শিদাবাদ, জিয়াগঞ্জ, বহরমপুর, হরিহরপাড়া, রাণীনগর, বেলডাঙ্গা, ডোমকল, নওদা, জলঙ্গী, নবগ্রাম, কান্দী, খড়গ্রাম, ভরতপুর ও বড়এ(া- এই কুড়িটি থানা ছিল মুর্শিদাবাদ জেলায়। ঐ বছর থেকে জেলার গঠন ও আয়তন মোটামুটি ভাবে অপরিবর্তিত আছে। এরূপর ১৯২৫ সালে পদ্মার গতিপথের বিচ্যুতির জন্য জেলার পরিধি সামান্য পরিবর্তিত হয়। ঐ বছর ১৬ই সেপ্টেম্বর এক বিজ্ঞপ্তির (৩৫১৪ পিঃএন) বলে রাজশাহী জেলার চারটি গ্রাম মুর্শিদাবাদ জেলার অন্তর্ভূত্ত( হয়।

১৯৪৭ সালে দেশ স্বাধীন হয়। বাংলা হয় খন্ডিত। র‍্যাডক্লিফ রোয়েদাদ অনুযায়ী মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গের অন্তর্ভূত্ত( হয়। র‍্যাডক্লিফ রোয়েদাদ ঘোষিত হবার পর মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গের সঙ্গে যুত্ত( হলেও র‍্যাডক্লিফ-রেখা বরাবর পূর্ব ও উত্তর-পূর্ব সীমানা চিহ্নি(ত করতে গিয়ে কিছু অসুবিধার সম্মুখিন হতে হয়। র‍্যাডক্লিফের নির্দেশ অনুযায়ী গঙ্গা-পদ্মার মূলস্রোতের ঠিক মাঝখান বরাবর আন্তর্জাতিক সীমানার অবস্থান। কিন্তু জলঙ্গীর কাছে পদ্মা নদীতে কয়েকটি চর থাকায় এখানে মধ্যস্রোতের নিশানা কঠিন হয়ে পড়ে।

এই সংশয় নিরসনের জন্য ১৯৪৯ সালে গঠিত হয় বাগে ট্রাইবুনাল(Bagge Tribunal)। বাগে ট্রাইবুনালের আদেশে বলা হয় মাথাভাঙ্গা নদীর মূলস্রোতের মাঝ বরাবর ভারত-পাকিস্তানের সীমানারেখা। ১৯৪৮ সালের এয়ার ফটোগ্রাফ অনুযায়ী জলঙ্গী গ্রামের থানা ও ক্যামপিং গ্রাউন্ডের দ( ণ-পশ্চিম বিন্দু অর্থাৎ নদীয়া জেলার উত্তর-পূর্ব কোণে গঙ্গা নদী থেকে মাথাভাঙ্গা উৎসারিত হয় এবং দৌলতপুর ও করিমপুর থানার সীমানার উত্তর পর্যন্ত দ( ণাভিমুখে তা বয়ে চলে। মাথাভাঙ্গার উৎসবিন্দু থেকে গঙ্গা-পদ্মার মূলস্রোতের মধ্যের যে বিন্দু সরলরৈখিক দূরত্ব সবথেকে কম হবে, সেই বিন্দুটি হবে ভারত-পাকিস্তান আন্তর্জাতিক সীমানার দ( ণ-পূর্ব বিন্দু। এই বিন্দু থেকে গঙ্গা-পদ্মার মূলস্রোতের মাঝবরাবর ভারত-পাকিস্তান আন্তর্জাতিক সীমানা নির্দিষ্ট হবে। বাগে ট্রাইবুনালের রায় অনুযায়ী চর শরন্দাজপুর ও পার্শ্ববর্তী একটি চরের কিয়দংশ মুর্শিদাবাদ তথা ভারতের অন্তর্ভুত্ত( হয়। অধিকাংশ চর এলাকা যায় পূর্ব পাকিস্তানে।

১৮৭২ সালে প্রথম জনগণনার পর থেকে জেলার মোট মৌজার সংখ্যা ও আয়তন যেভাবে পরিবর্তিত হয়েছে তা সারণী-১.১ -এ দেওয়া হল। সারণী-১.২ -এ দেওয়া হল উন্নয়ন ব্লক ও পৌরসভা ভিত্তিক অবস্থান, আয়তন ও জনসংখ্যা। ঐ সারণীতে বিভিন্ন ব্লকের ও পৌরসভার প্রতিষ্ঠাকাল উল্লিখিত হ'ল। সারণী-১.৩ -এ দেওয়া হল গ্রাম-পঞ্চায়েতগুলির অবস্থান, আয়তন ও জনসংখ্যা। সারণী-১.৪ জেলায় জমির ব্যবহার মাত্রিক বিভাজনের দীর্ঘকালীন চিত্র দেওয়া হল।

**সারণী - ১.১**

**মৌজার সংখ্যা ও আয়তনের পরিবর্তন**

| বৎসর | বসতি মৌজা | আয়তন (বর্গমাইল) |
|---|---|---|
| ১৮৭২ | | ২৫৭৮ |
| ১৮৮১ | | ২১৪৪ |
| ১৮৯১ | | ২১৪৪ |
| ১৯০১ | ৩৬৬৮ | ২১৪৩ |
| ১৯১১ | ১৮৭৯ | ২১৪৩ |
| ১৯২১ | ১৯৬৭ | ২১২১ |
| ১৯৩১ | ১৮২৯ | ২০৯১ |
| ১৯৪১ | ১৯৯৭ | ২০৬৩ |
| ১৯৫১ | ১৯০১ | ২০৯৪ ক /২০৭২.১খ |
| ১৯৬১ | ১৯৩২ | ২০৫৬ ক /২০৭২.২খ |
| ১৯৭১ | ২২২৬ | ৫৩৪১ বর্গ কিমি. |
| ১৯৮১ | ২২২৬ | ৫৩২৪ বর্গ কিমি. |
| ১৯৯১ | ২২২০ | ৫৩২৪ বর্গ কিমি. |
| ২০০১ | ২২২০ | ৫৩২৪ বর্গ কিমি. |

ক ঃ- সার্ভেয়ার জেনারেল, ভারত সরকার প্রদত্ত তথ্য

খ ঃ- ডিরেক্টর অব্ ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভে প্রদত্ত তথ্য

## সারণী- ১.২

## ব্লক ও পৌরসভার আয়তন, নারী ও পু(ষ ভিত্তিক জনসংখ্যা

## জনগণনা - ২০০১

| ব্লকের নাম | প্রতিষ্ঠার তারিখ | আয়তন (বর্গ কিমি) | নারী | পু(ষ | মোট |
|---|---|---|---|---|---|
| কান্দী | ১-৭-১৯৫৪ | ২৩৮.৫৪ | ৯৩৪১৮ | ৯৯৬২৮ | ১৯৩০৪৬ |
| ভরতপুর - ১ | ১-৭-১৯৫৪ | ১৮২.০০ | ৭২৬০১ | ৭৮২৩৮ | ১৫০৮৩৯ |
| ভরতপুর -২ | ১-৭-১৯৫৪ | ৯৮.৭৪ | ৭৩৪২২ | ৭৬৬৯৩ | ১৫০১১৫ |
| বড়এ(া | ১-৭-১৯৫৪ | ২৭৮.৯৪ | ১০৮৮৬৭ | ১১৫৪৪৫ | ২২৪৩১২ |
| খড়গ্রাম | ২-১০-১৯৫৬ | ৩৭৮.৮০ | ১১৪৩৬৩ | ১২০৩৫২ | ২৩৪৭১৫ |
| বেলডাঙ্গা -১ | ২-১০-১৯৫৫ | ১৬৫.৭৭ | ১২৪৫৩৭ | ১৩৪৬০২ | ২৫৯১৩৯ |
| বেলডাঙ্গা -২ | ১-৪-১৯৫৮ | ২০৪.০৯ | ১০১০৮৮ | ১০৯১০৭ | ২১০১৯৫ |
| নওদা | ২-১০-১৯৫৮ | ২৩.০৬৯ | ৯৫০২৪ | ১০০৯৯৭ | ১৯৬০২১ |
| হরিহরপাড়া | ২-১০-১৯৬১ | ২৪২.৮০ | ১০৭১৮৫ | ১১৪৫২৪ | ২২১৭০৯ |
| ডোমকল | ২-১০-১৯৬১ | ৩০৪.২৭ | ১৫১১২১ | ১৬০৫৬২ | ৩১১৬৮৩ |
| বহরমপুর | ২-১০-১৯৬২ | ২০১.১৫ | ১৮৪২২৩ | ১৯৪৫০০ | ২৭৮৭২৩ |
| জলঙ্গী | ২-১০-১৯৬২ | ১২২.০০ | ১০৪২৭১ | ১১১২৬৭ | ২১৫৫৩৮ |
| মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ১-১০-১৯৫৬ | ২০৮.৬২ | ৯৬৬৩৬ | ১০৩৪৬২ | ২০০০৯৮ |
| নবগ্রাম | ২-১০-১৯৫৭ | ৩০৪.৬১ | ৯৬০৭৪ | ১০০৪৯১ | ১৯৬৫৬৫ |
| লালগোলা | ১-৪-১৯৬১ | ১৩৪.০০ | ১৩০৭১০ | ১৩৬৮৫৩ | ২৬৭৫৬৩ |
| রাণীনগর -১ | ১-৮-১৯৬২ | ১৭৩.০৬ | ৭৪৯৯৪ | ৭৯৫৬৫ | ১৫৪৫৫৯ |
| রাণীনগর -২ | ১-৮-১৯৬২ | ১৯৫.৫৬ | ৭৪৯৭৭ | ৮০৬৩৫ | ১৫৫৬১২ |
| ভগবানগোলা -১ | ২-১০-১৯৬২ | ১৫৫.৮৭ | ৭৯৪০৩ | ৮৪০৩৫ | ১৬৩৪৩৮ |
| ভগবানগোলা -২ | ২-১০-১৯৬২ | ১৪৬.৪০ | ৬৩০৯৪ | ৬৬৮১৩ | ১২৯৯০৭ |
| সাগরদীঘি | ১-৪-১৯৫৭ | ৩৪৫.১০ | ১২৩৭৬৪ | ১২৮৫৯৬ | ১৫২৩৬০ |
| ফরাক্কা | ১-৪-১৯৫৮ | ১৪৯.৪৮ | ৯৬৮৮২ | ১০১০৯৯ | ১৯৭৯৮১ |
| সামশেরগঞ্জ | ১-৪-১৯৫৯ | ১০৯.০০ | ১০৫০৯৪ | ১০৬৪২৩ | ২১১৫১৭ |
| সুতি -১ | ২-১০-১৯৫৯ | ১৪০.৮০ | ৬৮৮৬৬ | ৭০৫৫৩ | ১৩৯৪১৯ |
| সুতি -২ | ২-১০-১৯৫৯ | ১০৮.৭৮ | ১০৫৫৬৩ | ১০৭৫০৬ | ২১৩০৬৯ |
| রঘুনাথগঞ্জ -১ | ১-৪-১৯৬২ | ১০২.০০ | ৭৬৬২২ | ৭৭৭২৭ | ১৫৪৩৪৯ |
| রঘুনাথগঞ্জ -২ | ১-৪-১৯৬২ | ১০৩.৬৮ | ৯৮১৮০ | ৯৪৩২৫ | ১৯২৫০৫ |
| ধুলিয়ান | জুলাই, ১৯০৯ | ৭.৭৭ | ৩৬৩৭৯ | ৩৬৫২৯ | ৭২৯০৮ |
| জঙ্গীপুর | ১লা এপ্রিল, ১৮৬৯ | ৭.৭৭ | ৩৬২৭৯ | ৩৮১৮৫ | ৭৪৪৬৪ |
| মুর্শিদাবাদ | ১লা এপ্রিল, ১৮৬৯ | ১২.৯৫ | ১৮০৬৭ | ১৮৮২৭ | ৩৬৮৯৪ |
| জিয়াগঞ্জ-আজিমগঞ্জ | ১লা এপ্রিল, ১৮৯৬ | ১১.৬৬ | ২৩২৮০ | ২৩৯৪৮ | ৪৭২২৮ |
| কান্দী | ১লা এপ্রিল, ১৮৬৯ | ১২.৯৫ | ২৩৭৫২ | ২৬৫৯৩ | ৫০৩৪৫ |
| বেলডাঙ্গা | ২৮শে নভেম্বর, ১৯৮১ | ৩.৯৮ | ১২২৭৩ | ১৩০৮৮ | ২৫৩৬১ |
| বহরমপুর | ১লা জুলাই, ১৮৭৬ | ১৬.১৯ | ৭৮৩৭৩ | ৮১৭৯৫ | ১৬০১৬৮ |

## সারণী- ১.৩

### ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা

| ব্লকের নাম | গ্রাম পঞ্চায়েতের নাম | অবস্থান | আয়তন (বর্গ কিমি) | জনসংখ্যা |
|---|---|---|---|---|
| ফরাক্কা | বেওয়া - ১ | পলাশী | ১.৭৯ | ১৯৪২১ |
| | বেওয়া - ২ | নিশিন্দ্রা | ২.১৫ | ১৫০৭৩ |
| | বাহাদুরপুর | কোটালপুকুর | ৩.১৫ | ১৪৬৬০ |
| | বেনিয়াগ্রাম | শ্রীরামপুর | ৩.০৯ | ৩৪২১৬ |
| | ইমামনগর | পাঁচলা গ্রাম | ২.০৫ | ২৬৫৫৪ |
| | অর্জুনপুর | অর্জুনপুর | ১.৫১ | ২২৩০০ |
| | মহেশপুর | শিবতলা | ১.০৪ | ১৭১৫৩ |
| | মহাদেবনগর | মহাদেব নগর | ১.২১ | ২৫১০১ |
| | নয়নসুখ | নয়নসুখ | ১.৮৯ | ২৩৩৯৯ |
| সামশেরগঞ্জ | গাজিনগর মালঞ্চ | নূতন মালঞ্চ | ১৬.০০ | ১৬৯৯৮ |
| | কাঞ্চনতলা | রতনপুর | ১.৮৮ | ১৭৪৪৫ |
| | তিনপুকুরিয়া | তিনপুকুরিয়া | ১০.৩৬ | ২৪৯৫৩ |
| | প্রতাপগঞ্জ | জয়কৃষ(পুর | ১০.৩৬ | ২৫৫৬৬ |
| | ভাসাইপাইকর | ভাসাইপাইকর | ৪১.৪৪ | ৩০৪১১ |
| | দোগাছি ন'পাড়া | দোগাছি ন'পাড়া | ৪১.৪৪ | ২৩২৫৪ |
| | চাঁচন্ড | বাসুদেবপুর | ১১.৬৫ | ২৪০৬০ |
| | নিমতিতা | নিমতিতা | ১৬.০০ | ৩০৭৪৪ |
| | বোগদাদনগর | বোগদাদনগর | ১.২০ | ১৮১৩১ |
| সুতি - ১ | বংশবাটি | বংশবাটি | ৪.৮৪ | ১৮৩৩২ |
| | আহিরণ | আহিরণ | ০.৯৬ | ২১৪০৫ |
| | সাদিকপুর | সুজনিপাড়া | ২.০৮ | ২৮১০৭ |
| | নুরপুর | বাহাদুরপুর | ৩.৫৩ | ২৩৩৭১ |
| | বহুতালী | বহুতালী | ৩.১৭ | ২৪১৭২ |
| | হাড়োয়া | নয়াগ্রাম | ৪.৮৯ | ২৪০৩২ |
| সুতি - ২ | উমরপুর | বাহাগালপুর | ৩.৪৪ | ২৬৫১০ |
| | কাশিমনগর | কাশিমনগর | ১.৫১ | ২৩১৪৯ |
| | জগতাই -১ | জগতাই | ০.৩০ | ১৭৪১৭ |
| | জগতাই -২ | দফাহাট | ০.২৬ | ২২৩৬২ |
| | ঔরঙ্গাবাদ -১ | রায়নাপুর | ০.৫০ | ১২০৯৬ |
| | ঔরঙ্গাবাদ -২ | ধূনাপাড়া | ১.২৯ | ২০০৩৮ |
| | মহেশাইল -১ | মহেশাইল | ২.৯৪ | ২২০৮০ |
| | মহেশাইল -২ | আম্বুয়া | ১.৯৮ | ১৫৫৬৫ |
| | বাজিতপুর | সুলতানপুর | ১২.৯৫ | ২৪৯১২ |
| | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর | ৩১.০৮ | ২৮৯৪০ |

**সারণী- ১.৩**

**ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা**

| **ব্লকের নাম** | **গ্রাম পঞ্চায়েতের নাম** | **অবস্থান** | **আয়তন** (বর্গ কিমি) | **জনসংখ্যা** |
|---|---|---|---|---|
| সাগরদীঘি | বোখারা - ১ | বোখারা | ২.২৬ | ১৪৯৩৫ |
| | বোখারা - ২ | রতনপুর | ৩.৭৭ | ১৫৯৮৯ |
| | সাগরদীঘি | হরহরি | ৪.৩৩ | ২৮৯৩৭ |
| | বাড়ালা | সামসাবাদ | ১.১৬ | ২২৭৬৭ |
| | গোবর্দ্ধনডাঙ্গা | গোবর্দ্ধনডাঙ্গা | অপ্রাপ্ত | ২৫৪২৯ |
| | পাটকেলডাঙ্গা | পাটকেলডাঙ্গা | ৫.৭৩ | ২৪৫৩৬ |
| | কাবিলপুর | কাবিলপুর | ১.৬৬ | ২৩৯৬২ |
| | বালিয়া | বালিয়া | ৩.৩৪ | ২১৮২৩ |
| | মণিগ্রাম | মণিগ্রাম | ৫.৪৯ | ২৬১১১ |
| | মোরগ্রাম | ভুরকুন্ডা | ৫.৫১ | ২২৯৫৩ |
| | বন্যে্বের | বন্যে্বের | ৬.০২ | ২৪৯২১ |
| রঘুনাথগঞ্জ - ১ | জা( র | মিয়াপুর | ৩.০৮ | ৩০১৬২ |
| | জামুয়ার | বারালা | ৫.৯৮ | ২১২১৬ |
| | কানুপুর | সোনাটিকুরী | ৩.০৫ | ২৬২১১ |
| | দফরপুর | সুজাপুর | ১.৪৩ | ২৩১৩৫ |
| | রাণীনগর | রাণীনগর | ৩.০৮ | ২৮৭৮৩ |
| | মীর্জাপুর | মীর্জাপুর | ৫.১৩ | ২৪৮৪২ |
| রঘুনাথগঞ্জ - ২ | গিরিয়া | মোমিনতলা | ৬.১৭ | ১২৭০৪ |
| | সেকেন্দ্রা | লালখানদিয়ার | ৭.৬৭ | ২২৭৫৯ |
| | মিঠিপুর | মিঠিপুর | ৬.৬৫ | ১৯৪৩২ |
| | বড়শিমূল দয়ারামপুর | বড়শিমূল | ৩৮.৭৯ | ১৫৭৩৩ |
| | জোতকমল | পিয়ারাপুর | অপ্রাপ্ত | ১৮০৭২ |
| | সম্মতিনগর | সম্মতিনগর | অপ্রাপ্ত | ১৯৭০৪ |
| | তেঘরি - ১ | তেঘরি | অপ্রাপ্ত | ২০৩৫১ |
| | কাশিয়াডাঙ্গা | হাতিবান্ধা | অপ্রাপ্ত | ২০৮০৩ |
| | লক্ষ্মীজোলা | গঙ্গাপ্রসাদ | ১৫.২৮ | ২২৫৯৬ |
| | সেখালিপুর | বড়জুমলা | ১৮.৭১৭ | ১৯৯৪২ |
| লালগোলা | নসীপুর | কাচিডাঙ্গা | ৮.০০ | ২৫৭৪৩ |
| | ময়া | পরানপুর | ৯.০০ | ৩১৭৭০ |
| | বিলবোরাকোপড়া | রামনগর | ৭.০০ | ২৩৫৮০ |
| | পাইকপাড়া | চোয়াপুকুর | ৮.০০ | ২৭৫৮৫ |
| | দেওয়ানসরাই | চক্পাড়া,লস্করপুর | ১৬.০০ | ৩০৯১১ |
| | লালগোলা | লালগোলা | ৬.০০ | ২১৭২৯ |
| | বাহাদুরপুর | কৃষ(পুর | ২.০০ | ২২৫২০ |
| | কালমেঘা | বাঁশগাড়া | ২.০০ | ২০৪৬১ |
| | রামচন্দ্রপুর | নামো ঝাউবোনা | ৪.০০ | ১৬২২৬ |

**সারণী- ১.৩**

**ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা**

| **ব্লকের নাম** | **গ্রাম পঞ্চায়েতের নাম** | **অবস্থান** | **আয়তন** (বর্গ কিমি) | **জনসংখ্যা** |
|---|---|---|---|---|
| লালগোলা | যশোইতলা | ধুলাউরি | ৫.০০ | ২০৭৯১ |
| | মানিকচক | আষাড়িয়াদহ | ৬ .০০ | ১৩১৭৬ |
| | আইরমারী-কৃষ(পুর | আইরমারী-কৃষ(পুর | ৬ .০০ | ১৩০৭১ |
| ভগবানগোলা-১ | সুন্দরপুর | ওরাহর | ১২.৭০ | ১৮৪৯৬ |
| | কুঠিরামপুর | দললপাড়া | ১৯.২০ | ১৭৮৪৯ |
| | ভগবানগোলা | ভগবানগোলা | ২৮.১৪ | ২৬৮৫২ |
| | কান্তনগর | চরবালিপাড়া | ১৯.৫০ | ১৩২৬১ |
| | হনুমন্তনগর | চরবানুপুর | ১৭.৯২ | ১১৪৩৯ |
| | মহম্মদপুর | বাহাদুরপুর | ১৯.৭০ | ২২০৩১ |
| | মহিষাস্থলি | কালুখালি | ২০.১৭ | ৩৮০৬৪ |
| | হাবাসপুর | বালিয়া-শ্যামপুর | ৯.৫০ | ১৫৪৪৬ |
| ভগবানগোলা-২ | চরকুঠি বাড়ি * | জাজিরা | ১০.৩৬ | ৪৬১৯ |
| | আখেরীগঞ্জ | আখেরীগঞ্জ | ৩২.৩৭ | ১৭০২৫ |
| | সরলপুর | সরলপুর | ৩.৬১ | ২৩৩৩৩ |
| | বালিগ্রাম | রাণীতলা | ৪.৩৫ | ২৯৯৩০ |
| | আমদহরা | কোলন | ২৫.৯০ | ২৬২৬৪ |
| | নসীপুর | নসীপুর | ৩১.০৮ | ২৩৪৮৪ |
| | খড়িবোনা | খড়িবোনা | ২.১৮ | ১৫২৫২ |
| নবগ্রাম | পাঁচগ্রাম | মোবারকপুর | ৩.৪৮ | ২৫২৮১ |
| | গুড়াপাশলা | বেলুড়ি | ৫.৬৬ | ২২৪৮৪ |
| | মহু( ল | রাজখন্ড | ৭.০৯ | ২৩৩১২ |
| | নবগ্রাম | চাণক | ৫.৫৩ | ২৪৩৯৯ |
| | নারায়ণপুর | পলসন্ডা মোড় | ৬.৩১ | ২০৬৮৭ |
| | কিরীটে(েরী | সীমানাপাড়া | ৫.৩৭ | ২২৩৮৪ |
| | শিবপুর | রাইন্ডা | ৪.৯৩ | ১৯২২৮ |
| | অমৃতকুন্ড | কনকপাড়া | ২.৮৪ | ১১১৫৪ |
| | রসুলপুর | সৈয়দপুর | ২.৮৩ | ১৫০৭১ |
| | হজবিবিডাঙ্গা | সর্বনগর | ১.৭৪ | ১২৫৬৫ |
| মুর্শিদাবাদ -জিয়াগঞ্জ | মুকুন্দবাগ | শেঠেরলহর | ৪.০৩ | ২৭৪৬০ |
| | বাহাদুরপুর | বাগডাঙ্গা | ২.৫৪ | ২৫৯৯২ |
| | ডাহাপাড়া | ডাহাপাড়া | ৩.১৯ | ১৫৮০৫ |
| | নতুনগ্রাম | মুরাগুয়ার | ২.৩০ | ২১১৪৩ |

*অধুনা বিলুপ্ত

| সারণী- ১.৩ | | | | |
|---|---|---|---|---|
| **ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা** | | | | |
| **ব্লকের নাম** | **গ্রাম পঞ্চায়েতের নাম** | **অবস্থান** | **আয়তন** (বর্গ কিমি) | **জনসংখ্যা** |
| মুর্শিদাবাদ -জিয়াগঞ্জ | প্রসাদপুর | প্রসাদপুর | ৪.৫৬ | ৩৪২৪৯ |
| | কাপাসডাঙ্গা | কাপাসডাঙ্গা | ৫.৩৯ | ২২৭৮৬ |
| | তেঁতুলিয়া | তেঁতুলিয়া | ৪.৬৬ | ২৬৬১৮ |
| | ডাঙ্গাপাড়া | রামপুর | ৩.৭৯ | ২৪৪০০ |
| রাণীনগর - ১ | হুড়শী | পুরন্দরপুর | ৪.১৪ | ২০৪৮৩ |
| | লোচনপুর | লোচনপুর | ২.৬০ | ২১৪৯০ |
| | পাহাড়পুর | আজমতপুর | ৪.১৪ | ২৫৫৩৩ |
| | টেঁকারায়পুর-বালুমাটি | টেঁকারায়পুব | ৪.১২ | ২৫২৫৫ |
| | ইসলামপুর চক্ | ইসলামপুর | ২.৯২ | ৩৬০৬২ |
| | হেরামপুর | হেরামপুর | ৪.০৭ | ২৫৬৯৮ |
| রাণীনগর - ২ | মালিবাড়ি - ২ | তেজসিংহপুর | ২.৭৩ | ১৫৩০৪ |
| | মালিবাড়ি - ১ | শ্যামদাসদিয়ার | ২.৯৭ | ২১০৩১ |
| | কালীনগর - ১ | রামনগর-সরকারপাড়া | ৩.২০ | ১৬৫১৮ |
| | কালীনগর - ২ | রামনগর | ১.৯৭ | ১৪৮৭৭ |
| | রাণীনগর - ১ | রাণীনগর | ২.৬৩ | ২০৭৯৪ |
| | রাণীনগর - ২ | কূপতলা | ৩.১৭ | ১৫২৫০ |
| | কাতলামারী - ১ | কাতলামারী | ৩.৭৫ | ১৬৫০৯ |
| | কাতলামারী - ২ | মোহনগঞ্জ | ৩.১৭ | ১৭৫৮৮ |
| | রাজাপুর | রাজাপুর | ৫.৮৯ | ১৭৭৪১ |
| জলঙ্গী | কাটাবাড়ি | কুমারপুর | ১৪.৫৮ | ১৬৮৬৫ |
| | দেবীপুর | ধনীরামপুর | ১৮.৩৬ | ২১৭৭৯ |
| | সাহেবনগর | সাহেবনগর | ১৭.৮৭ | ১৮৬২১ |
| | সাগরপাড়া | নরসিংহপুর | ২৪.৫৫ | ২৯৮৮৬ |
| | খয়রামারী | খয়রামারী | ২৪.৩৯৭ | ২১৬১৭ |
| | সাদিখাঁরদিয়ার | সাদিখাঁরদিয়ার | ১৫.৮৮ | ২১৩১৮ |
| | ঘোষপাড়া | উত্তর ঘোষপাড়া | ২৪.৭৩ | ২২৮৪২ |
| | জলঙ্গী | জলঙ্গী | ২৯.১৬ | ৮৯৩২ |
| | চোয়াপাড়া | চোয়াপাড়া | ২৮.৬৯৭ | ৩২৫৭৮ |
| | ফরিদপুর | ফরিদপুর | ১৩.৩১ | ২১১০০ |
| ডোমকল | ধুলাউড়ি | পার রঘুনাথপুর | ২.৩২ | ২৮৭৫০ |
| | জিৎপুর | বর্তনাবাদ | ১.৭২ | ২৫৮৩৭ |
| | আজিমগঞ্জগোলা | ডোমকল | ০.৮০৪ | ২১৬৪৫ |

| সারণী- ১.৩ | | | | |
|---|---|---|---|---|
| **ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা** | | | | |
| **ব্লকের নাম** | **গ্রাম পঞ্চায়েতের নাম** | **অবস্থান** | **আয়তন** (বর্গ কিমি) | **জনসংখ্যা** |
| ডোমকল | সারাংপুর | সাহাবাজপুর | ১.৩৮ | ২৫৫১৮ |
| | ভগীরথপুর | ভগীরথপুর | ১.০৭ | ২২৪১২ |
| | জুগীন্দা | দ( ণনগর | ১.৮৪ | ২৬৬১০ |
| | রায়পুর | রায়পুর | ১.৪৮ | ২৯৬৮৯ |
| | গড়াইমারী | কুচিয়ামোড়া | ১.০১৫ | ২৯০৭০ |
| | ঘোড়ামারা | মোমিনপুর | ২.২৮ | ২৬২২৫ |
| | মধুরকূল | মধুরকূল | ১.১২ | ১৭৮৯৮ |
| | জুরানপুর | কুশাবেড়িয়া | ০.৮৪ | ১৫৭৮৫ |
| | গরিবপুর | জিৎপুর | ১.৬৫ | ১৯৩৮৯ |
| নওদা | কেদারচাঁদপুর -১ | কেদারচাঁদপুর | ২০.০২ | ১১২৮৯ |
| | কেদারচাঁদপুর -২ | ত্রিমোহিনী | ৭.৯৮ | ১৬১৬৬ |
| | রায়পুর | শব্দরনগর | ৩০.৩০ | ২৩৪৬২ |
| | মধুপুর | মধুপুর | ৩২.৩৭ | ২৯৭৯৪ |
| | নওদা | নওদা | ৩১.৭৩ | ২৭৭০৬ |
| | সর্বাঙ্গপুর | সর্বাঙ্গপুর | ৪৬.৮৯ | ২৩৭৭৮ |
| | বালি - ১ | টুঙ্গি | ২৩.৫৯ | ১৬৮২৬ |
| | বালি - ২ | শ্যামনগর | ১৩.১৮ | ১২৩৫৩ |
| | চাঁদপুর | চাঁদপুর | ১৮.৬৫ | ১৮৮২১ |
| | পাটিকাবাড়ী | পাটিকাবাড়ী | ১৩.২০ | ১৫৮৬৬ |
| হরিহরপাড়া | রায়পুর | জিতারপুর | ২৬.৯৩ | ২৩০৮৬ |
| | খিদিরপুর | বা(ই পাড়া | ২৯.১৮ | ২৭৭৮৩ |
| | হুমাইপুর | তাজপুর | ২৮.৫৫ | ২০৬৯৫ |
| | বিহারিয়া | বিহারিয়া | ২২.৫৪ | ১৪৬৩২ |
| | (কুনপুর | (কুনপুর | ৩১.০৬ | ২৫৩৩৬ |
| | হরিহরপাড়া | হরিহরপাড়া | ৩৭.৯৮ | ২৬৬৪১ |
| | ধরমপুর | তর্তিপুর | ১৮.২৯ | ২২৬৫৩ |
| | স্বরূপপুর | স্বরূপপুর | ১৯.১৫ | ১৮৪৪২ |
| | মালোপাড়া | পদ্মনাভপুর | ১২.৯২ | ১৬৬১৪ |
| | চোঁয়া | চোঁয়া | ৩৬.৪৪ | ২৫৬৭৫ |
| বহরমপুর | সাটুই - চৌরিগাছা | সাটুই | ৪.৬৯৫ | ২১৬৬৭ |
| | রাঙ্গামাটি - চাঁদপাড়া | চাঁদপাড়া | ৪.৬৮ | ২৫৮২২ |
| | সাহাজাদপুর | নিশ্চিন্তপুর | ৩.০৪৯ | ২১৫৯৪ |
| | রাধারঘাট -১ | শিয়ালমারা | ১.৪০৫ | ১৮১০৯ |

**সারণী- ১.৩**

**ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা**

| **ব্লকের নাম** | **গ্রাম পঞ্চায়েতের নাম** | **অবস্থান** | **আয়তন** (বর্গ কিমি) | **জনসংখ্যা** |
|---|---|---|---|---|
| বহরমপুর | রাধারঘাট -২ | মোত্ত(ারপুর | ১.৩৯ | ১৪৪২৮ |
| | নিয়াল্লিশপাড়া-গোয়ালজান | টিকিয়াপাড়া | ২.২৩ | ২২৬৭১ |
| | হরিদাসমাটি | কৃষ(মাটি | ২.১৭ | ২৪৫০৬ |
| | রাজধরপাড়া | নগরাজোল | ৩.০৮ | ২২৮১৩ |
| | নওদা পানুর | মোকামপাড়া | ২.৮৮৯ | ২১২৪২ |
| | মণীন্দ্রনগর | মণীন্দ্রনগর | ১.৩৩৫ | ৩২৪২৫ |
| | হাতিনগর | নিমতলা | ২.৯৭ | ২৫৮৩১ |
| | দৌলতাবাদ | কাশীপুর | ৩.২৪ | ২৩৪০১ |
| | গু(দাসপুর | মহারাজপুর | ৪.২৯ | ২২২২৯ |
| | মদনপুর | মদনপুর | ২.৬১ | ১৭৯৩৮ |
| | ছয়ঘ ড়ি | ছয়ঘড়ি | ৪.০৯ | ২২২৮৩ |
| | ভাকুড়ি - ১ | ভাকুড়ি | অপ্রাপ্ত | ২৩১৫৫ |
| | ভাকুড়ি - ২ | বেলপুকুর | অপ্রাপ্ত | ১৮৬০৯ |
| | | | | |
| বেলডাঙ্গা - ১ | মহুলা - ১ | গোপীনাথপুর | ৩.২০ | ২১৪৭৪ |
| | মহুলা - ২ | পুলিন্দা | ১.৪৭ | ১৭০৭৮ |
| | চৈতন্যপুর - ১ | চৈতন্যপুর | ২.২৫ | ১৩৭৯৬ |
| | চৈতন্যপুর - ২ | পিলখানা | ৩.৭৯ | ১৩৪৭৪ |
| | ভাবতা - ১ | ভাবতা | ১.৬৯ | ১৮৪০৭ |
| | ভাবতা - ২ | ঝুণকা | ১.১১৫ | ১৩৭৮৬ |
| | মাড্ডা | মাড্ডা | ২.১৩ | ২৩৪১৮ |
| | বেগুনবাড়ী | বেগুনবাড়ী | ১.০৫ | ১৮৪২৬ |
| | কাপাসডাঙ্গা | কাপাসডাঙ্গা | ৩.৩৩ | ২২৯৬৯ |
| | মীর্জাপুর - ১ | মীর্জাপুর | অপ্রাপ্ত | ১৪২০৮ |
| | মীর্জাপুর - ২ | মহ্যমপুর | অপ্রাপ্ত | ১৮১০০ |
| | সুজাপুর-কুমারপুর | কুমারপুর | ৩.৫২ | ২১১৭১ |
| | দেবকুন্ড | দেবকুন্ড | ১.৩০ | ৩২৮৭১ |
| | | | | |
| বেলডাঙ্গা - ২ | রামনগর-বাছরা | রামনগর | ৩.৬৮ | ২০৯৮৭ |
| | সোমপাড়া - ১ | সোমপাড়া | ১.৪৮ | ১৪৮৫১ |
| | সোম পাড়া - ২ | মিল্কি | ১.৭৭ | ১৬৮৪৫ |
| | শক্তি(পুর | শক্তি(পুর | ৩.৭৬ | ২৬৭৪০ |
| | কামনগর | মজলিশপুর | ৩.৪৬ | ২০১১২ |
| | রামপাড়া - ১ | মাঙ্গনপাড়া | ৪.০৯ | ১৭২৪২ |
| | রামপাড়া - ২ | রেজিনগর | ১.৪৭ | ১৬২১৯ |
| | দাদপুর | দাদপুর | ৩.১১ | ২৩৭৭৩ |
| | কাশীপুর | কাশীপুর | ৩.৭৩ | ২২৬৯০ |

| সারণী- ১.৩ | | | | |
|---|---|---|---|---|
| **ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা** | | | | |
| **ব্লকের নাম** | **গ্রাম পঞ্চায়েতের নাম** | **অবস্থান** | **আয়তন** (বর্গ কিমি) | **জনসংখ্যা** |
| বেলডাঙ্গা - ২ | আন্দুলবেড়িয়া - ১ | আন্দুলবেড়িয়া | ২.৬২ | ১৪২৫৩ |
| | আন্দুলবেড়িয়া - ২ | একডালা | ২.২৩ | ১৬৮৬০ |
| কান্দী | যশোহরি-আনুখা - ১ | বহড়া | ২.৩২ | ১৩৭৮৮ |
| | যশোহরি-আনুখা - ২ | দোহালিয়া | ২.১৫ | ১৮১৫৩ |
| | আন্দুলিয়া | মহাদিয়া | ৪.৯৮ | ১৯৮৯৯ |
| | পুরন্দরপুর | ভবানীপুর | ২.৪৮ | ১৯৭১০ |
| | হিজল | নূতনগ্রাম | ৭.৫৭ | ২৪৪২৯ |
| | মহলন্দি - ১ | মহলন্দি | ৫.০০৯ | ১৬৯৫১ |
| | মহলন্দি - ২ | জীবন্তী | ২.৩৮ | ১৬৬৯৫ |
| | কুমারষন্ড | কুমারষন্ড | ৫.২৪ | ২৭০৯৫ |
| | গোকর্ণ - ১ | গোকর্ণ | ২.৫৪ | ১৭৩০৫ |
| | গোকর্ণ - ২ | মহলন্দি-কলোনী | ৩.৫৮ | ১৯০২১ |
| বড়এ(া | কল্যাণপুর - ১ | কুনিয়া | অপ্রাপ্ত | ৯৫৭৬ |
| | কল্যাণপুর - ২ | কুন্ডল | অপ্রাপ্ত | ১৩১৬২ |
| | খরজুনা | হরিবাটি | ৭.৭৭ | ২০০৯০ |
| | বিপ্রশেখর | বিপ্রশেখর | অপ্রাপ্ত | ১৮২৭২ |
| | কুলি | কুলি | অপ্রাপ্ত | ২০১৮১ |
| | বড়এ(া - ১ | বড়এ(া | অপ্রাপ্ত | ১৬৩৯৭ |
| | বড়এ(া - ২ | পাড়শালিকা | অপ্রাপ্ত | ১২৬৩৪ |
| | সাহোরা | সাহোরা | অপ্রাপ্ত | ২৩৬৬২ |
| | কু(ম্না(ন | কু(ম্না(ন | ২৩.৮৩ | ১৪৬৮৭ |
| | সুন্দরপুর | সুন্দরপুর | ৪.৮৪ | ২২৫২৮ |
| | পাঁচথুপি | পাঁচথুপি | ১৫.৬৯ | ২৩২৮৮ |
| | সাবলপুর | সতিতারা | ১.৬৫ | ১৩১৭৮ |
| | সাবলদহ | তেলদুমা | অপ্রাপ্ত | ১৬৬৫৭ |
| ভরতপুর - ১ | সিজগ্রাম | সাহাপুর | ৩০.৮৫ | ২২৭০৫ |
| | গড্ডা | গড্ডা-সিংহারি | ১৪.৫৩ | ৯৫৯২ |
| | আমলাই | আমলাই | ৬০.৭৩ | ১৭৬৯৯ |
| | আলুগ্রাম | আলুগ্রাম | ২৮.৬৭ | ২২১৮৯ |
| | গুন্ডিরিয়া | শক্তি(পুর | ৮.৬৫ | ১৩৪৯২ |
| | জজান | বিন্দারপুর | ১২.৩০ | ১৭৯১৪ |
| | ভরতপুর | ভরতপুর | ১২.৩০ | ২৫১৮৫ |
| | তালগ্রাম | দেচাপাড়া | ২৬.৩১ | ২২০৬৩ |

**সারণী- ১.৩**

**ব্লক ও গ্রাম পঞ্চায়েতের অবস্থান, আয়তন ও জনসংখ্যা**

| **ব্লকের নাম** | **গ্রাম পঞ্চায়েতের নাম** | **অবস্থান** | **আয়তন** (বর্গ কিমি) | **জনসংখ্যা** |
|---|---|---|---|---|
| ভরতপুর - ২ | সালার | সালার | ২.৩৯৫ | ২৭২১৩ |
| | শিমুলিয়া | শিমুলিয়া | ৩.৪৭ | ১৯৮৮৬ |
| | শালু | খাঁড়েয়া | ৩.৮৯ | ২২২১০ |
| | মালিহাটি | সালিন্দা | ৩.৭৫ | ১৯৬৪৮ |
| | টেঁয়া বৈদ্যপুর | টেঁয়া | ৩.১৮ | ১৮২৬৭ |
| | তালিবপুর | তালিবপুর | ৪.৩০৫ | ২৪১০৪ |
| | কাগ্রাম | কাগ্রাম | ২.৬৪ | ১৮৭৮৭ |
| খড়গ্রাম | পদমকান্দী | সাবলদহ | ২৩.৩১ | ১৫৯৮৫ |
| | ঝিল্লি | নোনাডাঙ্গা | ২৯.৯৪ | ২০৯৮৪ |
| | জয়পুর | বাউতিপাড়া | ২৫.৩৮ | ১৩৯৭৭ |
| | ইন্দ্রাণী | ইন্দ্রাণী | ১৭.৩৫ | ২১৪৪০ |
| | পা(লিয়া | দেবী-পা(লিয়া | ২৬.৯৯ | ২০২২১ |
| | সাদোল | সাদোল | ২৮.১৮ | ২৩৪০৬ |
| | কীর্তিপুর | নগর | ২৯.৯১ | ২৮৬৬৯ |
| | খড়গ্রাম | খড়গ্রাম | অপ্রাপ্ত | ১৫৯৬৪ |
| | এড়োয়ালী | এড়োয়ালী | অপ্রাপ্ত | ২২০২৮ |
| | মাড়গ্রাম | মাড়গ্রাম | অপ্রাপ্ত | ২২২১০ |
| | মহিষার | হরিপুর ক্টি | অপ্রাপ্ত | ১৩৮০৪ |
| | বালিয়া | বালিয়া | অপ্রাপ্ত | ১৬০২৭ |

**সারণী- ১.৪**

**জমির ব্যবহার মাত্রিক বিভাজন (**একক- হাজার হে   র )

| **সাল** | **মোট ভূমি** | **বন ভূমি** | **হাল পতিত** | **অন্যান্য পতিত** | **নীট কৃষিভূমি** |
|---|---|---|---|---|---|
| ১৯৭৬ - ৭৭ | ৫৩৬.৭০ | ০.৭৮ | ২.২৬ | ২.৯০ | ৪১৬.৫ |
| ১৯৮৫ - ৮৬ | ৫৩১.৬১ | ০.৮০ | ৮.৬৮ | ৮.৩০ | ৩৩৫.৫২ |
| ১৯৯৫ - ৯৬ | ৫৩২.৩৭৯ | ০.৭৭১ | ৩.০৫৬ | ১.২৯২ | ৪০৭.১৯৩ |
| ১৯৯৯ - ২০০০ | ৫৩২.৫০০ | ০.৭৭১ | ২.৫০০ | ০.১৫৫ | ৪১৭.৯৯৭ |

**গ্রন্থসূত্র ঃ**

১। বি কে ভট্টাচার্য সম্পাদিত ওয়েস্ট বেঙ্গল ডিস্ট্রিক্ট গেজেটিয়ারস্, মুর্শিদাবাদ, ১৯৭৯

২। মনমোহন চত্র(বর্তী, এ সামারি অব্ দি চেঞ্জেস ইন দি জুরিসডিকশন অব্ ডিস্ট্রিক্টস্ ইন বেঙ্গল, ১৭৫৭-১৯১৬, কলকাতা, ১৯৯৯।

৩। পঞ্চায়েতনামা, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার ও সেন্টার ফর (রাল রিসোরসেস্।